দৈনিক জনকণ্ঠ

তারিখ . . 12 NOV 2016 . . .
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ০২ ...

# ঢাবির অবসরপ্রাপ্ত ৪২ শিক্ষককে বিদায় সংবর্ধনা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অবসরপ্রাপ্ত ৪২ শিক্ষককে বিদায় সংবর্ধনা দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। শুক্রবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের অধ্যাপক মোজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে বিদায়ী শিক্ষকদের হাতে ক্রেস্ট ও মানপত্র তুলে দেয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- ঢাবি উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক নাসরীন আহমাদ, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক কামাল উদ্দীন, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক অধ্যাপক মাকসুদ কামাল প্রমুখ। অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, একজন শিক্ষক কখনও অবসরে যেতে পারেন না। হয়ত আনুষ্ঠানিক কারণে তাকে অবসরে যেতে হয় কিন্তু ছাত্রছাত্রীরা সব সময় তার কাছে জ্ঞানার্জনের জন্য যায়। একজন ভাল শিক্ষক প্রজন্মের পর প্রজন্ম শিক্ষায় অবদান রেখে যান। বিদায়ী শিক্ষকদের বক্তব্যে উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নারগিস জাহান বলেন, আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ও শিক্ষক হতে পেরে অত্যন্ত গর্ববোধ করছি। এ বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ও সহকর্মীদের ভালবাসা আমাকে সর্বদা উৎফুল্ল রেখেছিল। বিশ্ববিদ্যালয় থেকে আমি অনেক কিছু শিখেছি। আজ এই প্রাণের বিশ্ববিদ্যালয় ছেড়ে যেতে অত্যন্ত কষ্ট হচ্ছে- যেমনটি হয়েছিল যখন বধূ সেজে শ্বশুরবাড়িতে যাত্রা করেছিলাম।